



রাজকীয় আয়োজনে ইরানি প্রেসিডেন্টকে স্বাগত জানাল পাকিস্তান



ছবি: সংগৃহীত

ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানকে বিশেষ আকাশ প্রহরার মাধ্যমে স্বাগত জানিয়েছে পাকিস্তান বিমান বাহিনী।

মঙ্গলবার (২৪ জুন) তার বহনকারী বিমান পাকিস্তানের আকাশসীমায় প্রবেশ করলে পাকিস্তান বিমান বাহিনীর যুদ্ধবিমান বহর সেটিকে এসকর্ট করে গন্তব্যে নিয়ে যায়।

পাকিস্তানি গণমাধ্যমের খবরে বলা হয়েছে, এ দায়িত্বে অংশ নেয় জেএফ-১৭ থান্ডার ও এফ-১৬ যুদ্ধবিমানের একটি বিশেষ ফরমেশন। সুইজারল্যান্ডে অনুষ্ঠিত কূটনৈতিক বৈঠক শেষে সরাসরি পাকিস্তান সফরে যান ইরানের প্রেসিডেন্ট।

পরে ইসলামাবাদে পৌঁছালে তাকে স্বাগত জানান পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ।

পাকিস্তান বিমান বাহিনীর এ ধরনের আকাশ প্রহরা রাষ্ট্রীয় সফরে আগত বিদেশি নেতাদের প্রতি সম্মান প্রদর্শনের একটি প্রচলিত রীতি। একই সঙ্গে এটি দেশটির বিমান বাহিনীর পেশাদার সক্ষমতা ও প্রস্তুতিরও প্রতিফলন হিসেবে বিবেচিত হয়।